



## গণভোট বাতিল হলে সংসদের বৈধতা প্রশ্নে পড়বে: শিশির মনির



আইনজীবী শিশির মনির। ছবি: সংগৃহীত

গণভোট বাতিল করা হলে নির্বাচিত সংসদের বৈধতা নিয়ে জটিলতা তৈরি হতে পারে বলে মন্তব্য করেছেন জামায়াতের আইনজীবী শিশির মনির। তার দাবি, আইনগত প্রক্রিয়া ছাড়া স্বয়ংক্রিয়ভাবে গণভোট বাতিলের সুযোগ নেই।

সোমবার (৩০ মার্চ) হাইকোর্ট প্রাক্ষেপে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। এ সময় তিনি গুম কমিশন, দুদক সংস্কার কমিশন এবং সুপ্রিমকোর্টে বিচারক নিয়োগসংক্রান্ত অধ্যাদেশসহ প্রায় ২০টি অধ্যাদেশ বাতিলের প্রতিবাদ জানান।

শিশির মনির বলেন, নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী অনুষ্ঠিত গণভোট বাতিল হলে তার প্রভাব সাধারণ নির্বাচনের ফলাফলেও পড়তে পারে। এতে পুরো নির্বাচন প্রক্রিয়ার বৈধতা নিয়েই প্রশ্ন উঠবে।

এছাড়া তিনি জানান, অন্তর্বর্তী সরকারের উদ্যোগে গঠিত জাতীয় ঐক্যমত কমিশনে ৩০টি বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতা হয়েছিল। তবে এসব বিষয়ে বিএনপি এখনো স্পষ্ট অবস্থান নিতে দেরি করছে বলেও অভিযোগ করেন